গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd)

**জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর' এর ১৬৫তম জন্মবার্ষিকী ১৪৩৩/২০২৬ এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম' এর ১২৭তম জন্মবার্ষিকী ১৪৩৩/২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠান আয়োজনের সার্বিক প্রস্তুতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নিতাই রায় চৌধুরী |
| | : | মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ৩ মে ২০২৬; বেলা ১২.৩০ টা |
| সভার স্থান | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি বলেন জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম জন্মবার্ষিকী ১৪৩৩/২০২৬ আগামী ৮ মে ২০২৬ এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম' এর ১২৭তম জন্মবার্ষিকী ১৪৩৩/২০২৬ আগামী ২৫ মে ২০২৬ উদ্‌যাপনের বিষয়ে গত ২০ এপ্রিল ২০২৬ তারিখে জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার ধারাবাহিকতায় বর্ণিত অনুষ্ঠান দুইটির সার্বিক প্রস্তুতি পর্যালোচনার জন্য আজকের সভা আহ্বান করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে, যুগ্মসচিব (অনুষ্ঠান) আয়োজিতব্য অনুষ্ঠানসমূহের সার্বিক প্রস্তুতি সম্পর্কে সভাকে অবহিত করেন। সভায় উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণপূর্বক স্ব স্ব মতামত প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

(ক) আগামী ২৫ বৈশাখ ১৪৩৩/০৮ মে ২০২৬ তারিখ শুক্রবার বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬৫তম জন্মবার্ষিকী উদ্‌যাপন:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | <u>উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন:</u><br>বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উপলক্ষ্যে আগামী ২৫ বৈশাখ ১৪৩৩/০৮ মে ২০২৬ তারিখ শুক্রবার যথাক্রমে শিলাইদহ-কুষ্টিয়া, বাংলাদেশ শিল্পকলা একাডেমি-ঢাকা, পতিসর-নওগাঁ, শাহজাদপুর-সিরাজগঞ্জ এবং দক্ষিণডিহি-খুলনায় অনুষ্ঠান আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, জেলা প্রশাসক, কুষ্টিয়া/নওগাঁ/সিরাজগঞ্জ/ খুলনা এবং সংশ্লিষ্ট জেলা শিল্পকলা একাডেমি। |
| ২. | <u>সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন:</u><br>কুষ্টিয়ার শিলাইদহের সাংস্কৃতিক অনুষ্ঠান জাতীয় ও স্থানীয় পর্যায়ের শিল্পীদের নিয়ে আয়োজন করা হবে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং জেলা প্রশাসন, কুষ্টিয়া যৌথভাবে আয়োজন করবে। এছাড়া অন্যান্য জেলার সাংস্কৃতিক অনুষ্ঠানসমূহ সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকগণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, জেলা প্রশাসক, কুষ্টিয়া/নওগাঁ/সিরাজগঞ্জ/ খুলনা এবং সংশ্লিষ্ট জেলা শিল্পকলা একাডেমি। |
| ৩. | <u>প্রধান অতিথি, বিশেষ অতিথি ও স্মারক বক্তা নির্ধারণ:</u><br><u>ক. স্থান: শিলাইদহ-কুষ্টিয়া</u><br>প্রধান অতিথি: জনাব নিতাই রায় চৌধুরী, এমপি<br>মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>বিশেষ অতিথি: ডা: জাহেদ উর রহমান<br>মাননীয় উপদেষ্টা (প্রতিমন্ত্রী পদমর্যাদা), পলিসি ও স্ট্র্যাটেজি, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>প্রধান আলোচক: অধ্যাপক ড: ওয়াকিল আহমেদ,<br>প্রাক্তন অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়।<br>সভাপতি: জনাব কানিজ মওলা, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br><br>জেলা প্রশাসক, কুষ্টিয়া |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | খ. স্থান: শিল্পকলা একাডেমি, ঢাকা<br>প্রধান অতিথি: জনাব জহির উদ্দীন স্বপন, এমপি<br>মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।<br>প্রধান আলোচক: অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। | শিল্পকলা একাডেমি, ঢাকা |
| | গ. স্থান: পতিসর-নওগাঁ<br>প্রধান অতিথি: জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, এমপি<br>মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।<br>বিশেষ অতিথি: জনাব আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম, এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>প্রধান আলোচক: জনাব মুশফিক ফজল আনসারী। | জেলা প্রশাসক, নওগাঁ |
| | ঘ.স্থান: শাহজাদপুর-সিরাজগঞ্জ<br>প্রধান অতিথি: জনাব ইকবাল হাসান মাহমুদ, এমপি<br>মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।<br>বিশেষ অতিথি: ড. এম এ মুহিত, এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।<br>সভাপতি: জেলা প্রশাসক, সিরাজগঞ্জ<br>প্রধান আলোচক: ড. তারিক মনজুর<br>অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | জেলা প্রশাসক, সিরাজগঞ্জ |
| | ঙ. স্থান: দক্ষিণডিহি-খুলনা<br>প্রধান অতিথি: জনাব মো: আসাদুজ্জামান, এমপি<br>মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।<br>বিশেষ অতিথি:<br>(১) জনাব অনিন্দ্য ইসলাম অমিত, এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।<br>(২) জনাব রকিবুল ইসলাম বকুল, এমপি<br>মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়।<br>প্রধান আলোচক: অধ্যাপক মাজহারুল হান্নান,<br>প্রবীণ শিক্ষাবিদ ও সাবেক ট্রেজারার, খুলনা বিশ্ববিদ্যালয়। | জেলা প্রশাসক, খুলনা। |
| ৪. | সকল অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে একজন অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা উপস্থিত থাকবেন। উক্ত কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |

(খ) আগামী ১১ জ্যৈষ্ঠ ১৪৩৩/ ২৫ মে ২০২৬ তারিখ সোমবার জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৭তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে পরবর্তীতে সভা করে সার্বিক প্রস্তুতি পর্যালোচনা করা হবে।

২.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি রবীন্দ্র জন্মবার্ষিকী সম্মিলিতভাবে আয়োজনে সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪/০৫/২০২৬
নিতাই রায় চৌধুরী
মন্ত্রী

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪১.২৬. ৬৪৬

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩ / ৫ মে ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. নির্বাহী পরিচালক, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা।

৩. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা।
৪. যুগ্মসচিব (শিল্পকলা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জেলা প্রশাসক, কুষ্টিয়া/নওগাঁ/সিরাজগঞ্জ/খুলনা।
৭. জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া/নওগাঁ/সিরাজগঞ্জ/খুলনা।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি।

০৫/০৫/২০২৩

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৫
event.section@moca.gov.bd